

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 27.09.2024

Time: 7-35A.M

বিশেষ বিশেষ খবর -

- ১/ রাজ্যে মার্কিন সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে প্রস্তাবিত সেমিকন্ডাক্টর কারখানার জন্য জমি প্রস্তুত বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।
- ২/ সর্বস্তরের শ্রমিকদের ন্যূনতম মজুরী বৃদ্ধির কথা ঘোষণা করেছে কেন্দ্রীয় সরকার।
- ৩/ রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ হাসপাতালে ‘ভূমিকি সংস্কৃতি’ নিয়ে কলকাতা হাইকোর্ট উদ্বেগ প্রকাশ করেছে।
- ৪/ হাওড়ার ধুলাগড় ইন্ডাস্ট্রিয়াল পার্কের একটি গুদামে হানা দিয়ে আট কোটি টাকার মাদক মিশ্রিত কাশীর সিরাপ উদ্ধার করেছে পুলিশ।
- ৫/ মাঙ্কিপুর রোগ সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করে তুলতে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক, রাজ্যগুলিকে অ্যাডভাইসারি পাঠিয়েছে।
- ৬/ এবারের আই এস এলে প্রথম জয় পেয়েছে মহামেডান স্পোর্ট্স।

রাজ্যে মার্কিন সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে প্রস্তাবিত সেমিকন্ডাক্টর কারখানার জন্য জমি ইতমধ্যেই প্রস্তুত। প্রাথমিকভাবে ওই সংস্থা একটি জমি পছন্দও করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। নবান্নে গতকাল কলকাতায় নবনিযুক্ত মার্কিন কনসাল জেনারেল ক্যাথি জাইলস-ডিয়াজের সঙ্গে বৈঠক করেন তিনি। পরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী জানান, রাজ্যকে সেমিকন্ডাক্টর শিল্পের হাব হিসেবে গড়ে তোলার চেষ্টা বহুদিন ধরেই চলছে। ঘোষিত প্রকল্পটির জন্য রাজ্য সরকারের

তথ্যপ্রযুক্তি সংস্থা ওয়েবেল এবং তথ্যপ্রযুক্তি দণ্ডর অনেক আগে থেকেই ওই সংস্থার সঙ্গে আলাপ আলোচনা চালাচ্ছে। প্রধানমন্ত্রীর মার্কিন যুক্তরাষ্ট্র সফরের সময় কলকাতায় সেমিকন্ডাক্টর কারখানা তৈরীর ঘোষণা সেই চেষ্টারই সুদূরপ্রসারী ফল বলে মুখ্যমন্ত্রী দাবি করেন। তিনি বলেন, প্রকল্পটি বাস্তবায়িত হলে একদিকে যেমন প্রচুর মানুষের কর্মসংস্থান হবে, তেমনি এ রাজ্যের যুব সম্প্রদায়ের মেধা শক্তিকে পুরোদস্তর কাজে লাগানো যাবে। আগামী বছরের ৫ এবং ৬ই ফেব্রুয়ারি বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের আসর বসছে। তার আগে বিনিয়োগকারী মার্কিন সংস্থা ও সেমিকন্ডাক্টর শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি বিশেষ অনুষ্ঠান আয়োজনেরও পরিকল্পনা করা হয়েছে। মার্কিন কঙাল জেনারেলের সঙ্গে প্রকল্পটি নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে। রাজ্যের সামগ্রিক বিনিয়োগবান্ধব ভাবমূর্তি তার সামনে তুলে ধরা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

কেন্দ্রীয় সরকার, সর্বস্তরের শ্রমিকদের ন্যূনতম মজুরী বৃদ্ধির কথা ঘোষণা করেছে। ভ্যারিয়েবেল ডিয়ারনেস অ্যালাওয়েন্স বা পরিবর্তনশীল মহার্ঘ্যভাতার হার সংশোধন করে অদক্ষ, স্বল্প দক্ষ, দক্ষ এবং অতি দক্ষ শ্রমিকদের ন্যূনতম মজুরীর হার বাড়ানো হচ্ছে। পাশাপাশি, এই মজুরি স্থির করা হয়েছে ভৌগলিক এলাকার ভিত্তিতে A,B ও C শ্রেণীভুক্ত হিসেবে। পয়লা অক্টোবর থেকে মজুরীর নতুন হার কার্যকর হবে।

‘এ’ শ্রেণীর এলাকায় নির্মাণ, সাফাই এবং মাল ওঠানো নামানোর অদক্ষ কাজের জন্য দৈনিক মজুরী হবে ৭৮৩ টাকা। স্বল্প দক্ষ শ্রমিকের ন্যূনতম দৈনিক মজুরী ৮৬৮ এবং দক্ষ, ক্ল্যারিক্যাল ও অন্ত্র ছাড়া সুরক্ষার কাজে নিযুক্তদের মজুরী হবে ৯৫৪ টাকা। অতিদক্ষ কর্মীরা সংশোধিত হারে দৈনিক এক হাজার ৩৫ টাকা মজুরী পাবেন।

INTUC, হাওড়ার দাসনগরে ভারত জুটমিলে ‘সাসপেনশন ওফ ওয়ার্ক’-এর নোটিশ তুলে নিয়ে পুনরায় কাজ চালু করার ব্যাপারে অবিলম্বে জেলা শ্রম আধিকারিকের

হস্তক্ষেপ দাবী করেছে। চলতি সঞ্চাহেই মিল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসার আবেদন জানিয়ে তাঁকে চিঠি দিয়েছে এই শ্রমিক সংগঠন।

আগেই জানানো হয়েছে, পুজোর মুখে মিলটি বন্ধ হয়ে যাওয়ায় কাজ হারিয়েছেন প্রায় ৬০০ কর্মী। গতকাল সকালে শ্রমিকরা মিলের গেটে ‘সাসপেনশন ওফ ওয়ার্ক’-এর নোটিশ দেখতে পান। মালিক পক্ষের অভিযোগ, কর্মী অসন্তোষের জেরে উৎপাদন কমে যাওয়ায়, লোকসানের পরিমাণ বাঢ়ে। অন্যদিকে শ্রমিকদের অভিযোগ, অতিরিক্ত কাজ করানোর বিরুদ্ধে তাঁরা প্রতিবাদ করায় আলোচনা না করেই মিল বন্ধ করে দেওয়া হয়।

আসন্ন শারদ উৎসবের দিনগুলিতে অতিরিক্ত ভিড়ের কারনে পদপিট্ট হয়ে কোথাও যেন কোন দূর্ঘটনা না ঘটে তা দেখার জন্যে রাজ্য সরকার সব ক্লাব, সংগঠনকে নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে স্বাস্থ্য পরিকাঠামো নিয়ে বৈঠকের পরে নদীয়ার রানাঘাটের একটি ক্লাবের ১১২ ফুট দীর্ঘ দুর্গা প্রতিমার কথা উল্লেখ করে সাংবাদিকদের বলেন, বন্যা দুর্গতদের সাহায্য করা সহ প্রশাসনের আধিকারিকরা এখন বিভিন্ন কাজে ব্যস্ত রয়েছেন। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে প্রশাসনের পাশাপাশি ক্লাব, সংগঠনগুলিকেও সক্রিয়ভাবে দায়িত্ব নিতে হবে। কোন দূর্ঘটনা ঘটলে তার দায়িত্ব কে নেবে সেই প্রশ্ন তোলেন তিনি। মানুষকে বাঁচাতে প্রত্যেকের দায়বদ্ধতা রয়েছে বলেও তিনি জানিয়েছেন।

আসন্ন দুর্গাপুজোয় WBSEDCL এলাকায় বিদ্যুতের চাহিদা মেটাতে ১০ হাজার চারশো মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্য মাত্রা ধরা হয়েছে। সল্টলেকের বিদ্যুৎ ভবনে গতকাল এক সাংবাদিক বৈঠকে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী অরুণ বিশ্বাস জানান, গত বছর চতুর্থীর দিন ৪৭ হাজার ২৭৫ টি পুজো মণ্ডপে অস্থায়ী বিদ্যুৎ সংযোগ সহ রাজ্য বিদ্যুতের চাহিদা সর্বোচ্চ ৯ হাজার ২৫২ মেগা ওয়াট হয়েছিল। পুজোর সংখ্যা দিন দিন বাঢ়ে এবারে দুর্গাপুজো উপলক্ষ্যে ৪৮ হাজার ৫০০ থেকে প্রায় ৪৯ হাজার পুজো মণ্ডপে অস্থায়ী ভাবে বিদ্যুৎ সংযোগ দেওয়া হতে পারে।

রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ‘ভূমকি সংস্কৃতি’ নিয়ে কলকাতা হাই কোর্ট উদ্বেগ প্রকাশ করেছে। এক জনস্বার্থ মামলায় গতকাল প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি বিভাস পটনায়েকের ডিভিশন বেঞ্চ বলেন, খুবই গুরুতর অভিযোগ। প্রধান বিচারপতির পর্যবেক্ষণ, পরীক্ষার উত্তরপত্র ফাঁস, শ্লীলতাহানি, দুর্ণীতি, হয়রানির মতো অভিযোগ উঠছে রাজ্যের মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে। আদালত এতে খুবই উদ্বিগ্ন। রাজ্যের আইনজীবী জানান, ঐ অভিযোগগুলি জানার পর পদক্ষেপ করা হয়েছে। অনেক অভিযুক্তকে বহিক্ষার করা হয়েছে। অনেককে অন্যত্র বদলি করা হয়েছে। বেঞ্চ, ন্যাশনাল মেডিক্যাল কাউন্সিল এবং রাজ্য সরকারকে এ বিষয়ে হলফনামা পেশ করতে বলেছেন।

আগামী ২১ নভেম্বর মামলার পরবর্তী শুনানি।

RG Kar কান্তে ন্যায় বিচারের দাবীতে এবং এই ধরণের ঘটনার পুনরাবৃত্তি এড়ানো সুনিশ্চিত করার লক্ষ্যে ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফন্ট’ আজ SSKM সভাগৃহে গণ কনভেনশনের আয়োজন করেছে। অনেক বেশী মানুষের সুবিধার্থে ধনধান্য অডিটোরিয়াম বুক করা হলেও, আচমকাই তা’ বাতিল করা হয় বলে জুনিয়ার ডাক্তারদের অভিযোগ। এরপরই SSKM-এ তা’ স্থানান্তরিত করা হয়।

এদিকে, মুখ্য সচিবের সঙ্গে বৈঠকে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেগুলি পালন করা হচ্ছে না বলে অভিযোগ জানিয়ে মনোজ পত্থকে গতকাল ইমেল করেন জুনিয়ার ডাক্তাররা। সূত্রের খবর, সাত দফা দাবী সম্বলিত চিঠিতে সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে ভূমকি সংস্কৃতির বিষয়টিকে বিশেষভাবে তুলে ধরা হয়েছে।

RG Kar-এ তরঙ্গী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে গতকাল কলকাতায় নাগরিক মঞ্চের পক্ষ থেকে এক সভার আয়োজন করা হয়। চিকিৎসকদের বক্তব্যে ভূমকি সংস্কৃতির বিষয়টি বিশেষভাবে উঠে আসে। নাগরিক মঞ্চের সাধারণ সম্পাদক নব দত্ত বলেন, ডাক্তারদের জোরালো আন্দোলনের ফলেই রাজ্যের হাসপাতালগুলির বাস্তব অবস্থা সামনে এসেছে।

অন্যদিকে, কলকাতার বউবাজার ও হেয়ার স্ট্রিট থানা এবং ট্রাফিক গার্ডের হেড কোয়ার্টার এলাকায় পাঁচ জনের বেশী জমায়েরত নিষিদ্ধ করে নির্দেশিকা জারির বিরুদ্ধে

কলকাতা হাইকোর্টে দুটি জনস্বার্থ মামলা হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এই দুটি মামলা শুনানির জন্য গ্রহণ করেছেন। আজ এই শুনানি হতে পারে।

যদিও কলকাতা পুলিশের দাবী, এই নিষেধাজ্ঞা রুটিন মাফিক ৬'মাস অন্তর জারি করা হয়। আগামী ২৩শে নভেম্বর 'পর্যন্ত তা' বলবত থাকবে।

মহানগরীতে ট্রাম আর না চালানোর সিদ্ধান্ত ঘোষণার প্রতিবাদে শ্যামবাজার ট্রাম ডিপোতে গতকাল নাগরিক বিক্ষেপ সমাবেশ অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন 'কলকাতা ট্রাম ইউজার্স অ্যাসোসিয়েশনে'র সভাপতি অধ্যাপক দেবাশীষ ভট্টাচার্য, সম্পাদক মহাদেব শী, নাগরিক প্রতিরোধ মঞ্চের তমাল নন্দ, পরিবেশবান্ধব ট্রাম বাঁচাও সংগঠনের পক্ষে সমরেন্দ্র প্রতিহার, অধ্যাপক নির্মল দুয়ারী, অধ্যাপক গৌরাঙ্গ খাটুয়া সহ বহু নাগরিক। দেবাশীষ ভট্টাচার্য, পরিবহন মন্ত্রী মেহাশিস চক্রবর্তীর ট্রাম তুলে দেওয়ার পক্ষে যুক্তিগুলি খণ্ডন করে বলেন, ট্রাম নয়, শহরের মন্ত্র গতির জন্য দায়ী সরকারের ট্রাফিক নীতি এবং পরিবহন দপ্তরের ব্যর্থতা। ট্রাম ডিপোগুলি বিক্রি করে দেওয়ার তীব্র নিন্দা করে তিনি বলেন, এর ফলে ভবিষ্যতে কোনও সরকার আধুনিক ট্রাম চালু করতে চাইলেও আর কোনও উপায় থাকবে না। নাগরিক মিছিলে যোগ দেন পথচলতি অনেকেই।

হাওড়ার সাঁকরাইলে ধুলাগড় ইন্ডাস্ট্রিয়াল পার্কের একটি গুদামে হানা দিয়ে নিষিদ্ধ Codein Phosphate মিশ্রিত ৮ কোটি টাকার কাশির সিরাপ উদ্ধার করেছে হাওড়া সিটি পুলিশের বিশেষ দল। গতকাল দুপুরে ওই গুদামে অভিযান চালিয়ে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। এরা হলো, বালির সৌম্য মল্লিক, পাপাই দাস ও রাহুল দাস, বিহারের মহম্মদ গুড়ু এবং উত্তর কলকাতার কাশীপুরের রুদাল সিং।

পুলিশ সূত্রে জানা গেছে, মাস ছয়েক আগে শংকর সরকার নামে বালির এক ব্যবসায়ীকে গুদামের ম্যানেজার মোহিত আগরওয়াল গুদামটি ভাড়া দেন। রুদাল সিং, মোহিতের ম্যানেজার হিসেবে কাজ করতো। উদ্ধার হয়েছে ৫০০০ বাস্তু কাফ সিরাপ। ধৃতদের আজ হাওড়া আদালতে তোলা হবে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, মান্ত্রিক রোগ সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করে তুলতে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে পরামর্শ দিয়েছে।

এক অ্যাডভাইসারিতে রাজ্যগুলিকে নজরদারির কর্ম পরিকল্পনা তৈরি করার অনুরোধ করেছে মন্ত্রক। এম পক্ষের নমুনা পরীক্ষার জন্য যে সমস্ত ল্যাবরেটরি কার্যকর করা হয়েছে, তার একটি তালিকাও মন্ত্রক পাঠিয়েছে। এডভাইজারিতে রয়েছে চিকিৎসা সংক্রান্ত প্রটোকল, কিভাবে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করতে হবে তার নিয়মাবলি এবং বুঁকি সম্পর্কে যোগাযোগের কর্ম পরিকল্পনা।

হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলিতে এ ব্যাপারে কতটা প্রস্তুতি রয়েছে, রাজ্যগুলিকে তার মূল্যায়ন করতে বলেছে মন্ত্রক। উচ্চ পদাধিকারীরা, জেলা এবং রাজ্যস্তরে বিষয়টি পর্যালোচনা করবেন। হাসপাতালগুলিতে মান্ত্রিক আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য আলাদা ব্যবস্থা করারও নির্দেশ দেওয়া হয়েছে।

নিম্নচাপ সরে গেলেও ঘূর্ণবর্ত এবং অক্ষরেখার প্রভাবে বঙ্গোপোসাগর থেকে প্রচুর জলীয় বাস্প বায়ুমন্ডলে প্রবেশ করায় রাজ্যের প্রায় সব জায়গাতেই বৃষ্টি হচ্ছে। উত্তরবঙ্গের চার জেলা দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুর দুয়ারে আজ ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে। কোচবিহারেও দু-এক জায়গায় ভারী বৃষ্টির সন্তাবনা।

কলকাতা ও তার আশপাশ এলাকায় দু-এক পশলা বৃষ্টি অথবা বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে। আজ সকাল সাড়ে ৬'টা পর্যন্ত ২৪ ঘন্টায় শহরে বৃষ্টি হয়েছে ৩৮ দশমিক ৬ মিলিমিটার।

এবারের আই এস এলে প্রথম জয় পেল মহামেডান স্পোর্টিং। চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে গতসন্ধ্যায় মহামেডান স্পোর্টিং ১-০ গোলে চেন্নাইয়িন এফসিকে হারিয়ে দেয়। খেলার ৪৯ মিনিটে জয়সূচক গোলটি করেন লালরেমসাঙ্গা ফানাই।
